

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ওমরাহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd



স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০২২.৩৩.০০৫.২১.৩০

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮

০৯ মে ২০২১

বিষয়: জবাব দাখিল/ব্যাখ্যা প্রদান।

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে আবাবিল ট্রাভেলস এন্ড ট্যুরস (ওমরাহ লাইসেন্স নং ৪৬৩) এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন এবং

০২। যেহেতু ওমরাহ এজেন্সির বিজ্ঞপ্তি বেসরকারি টিভি চ্যানেল-২৪ এ কাবার পথে ট্যুরস এন্ড ট্রাভেল লি. (হ.লা. ৮৭১) এর সৌজন্যে যৌথভাবে প্রচার-প্রচারণা চালানো হচ্ছে এবং

০৩। যেহেতু আপনি আপনার প্রতিষ্ঠানের নামে কাবার পথে ট্যুরস এন্ড ট্রাভেল লি. (হ.লা. ৮৭১) হজ এজেন্সি প্রতারণামূলক প্রচারণা চালাচ্ছেন এবং

০৪। যেহেতু, আপনার কর্তৃক পরিচালিত ওমরাহ এজেন্সি এর প্রচারণা কাবার পথে ট্যুরস এন্ড ট্রাভেল লি.(হ.লা. ৮৭১) এর সৌজন্যে চ্যানেল ২৪ এ প্রচার করে জাতীয় ও ওমরাহ নীতি-২০১৯ এর লংঘন করেছেন এবং

০৪। যেহেতু, এই ধরনের অনিয়মের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৫। সেহেতু, আপনার এধরনের কার্যক্রমের জন্য জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত "আবাবিল ট্রাভেলস এন্ড ট্যুরস (ওমরাহ লাইসেন্স নং ৪৬৩)" লাইসেন্সের বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তাঁর ব্যাখ্যা/জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৯-৫-২০২১

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন

উপসচিব

ফোন: +৮৮-০২-৯৫৮৪৩২২

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১১১৬

ইমেইল: hajj_sec1@mora.gov.bd

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার
আবাবিল ট্রাভেলস এন্ড ট্যুরস (ওমরাহ লাইসেন্স নং ৪৬৩)
৫৫/এ, সিদ্দিক মেনশন (৬ষ্ঠ তলা), পুরানা পল্টন,
ঢাকা-১০০০


স্মারক নম্বর: ১৬.০০.০০০০.০২২.৩৩.০০৫.২১.৩০/১(৪)

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৮

০৯ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) অফিস কপি।



৯-৫-২০২১

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
উপসচিব